বিএনপি–জামায়াতসহ ১২ দলের সঙ্গে আজ সংলাপে বসছে নির্বাচন কমিশন



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে রাজনৈতিক দলগুলোর সঙ্গে ধারাবাহিক সংলাপ চালিয়ে যাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। সেই প্রক্রিয়ার অংশ হিসেবে বুধবার (১৯ নভেম্বর) আগারগাঁওয়ের নির্বাচন ভবনে একাধিক গুরুত্বপূর্ণ রাজনৈতিক দলের সঙ্গে বসছে কমিশন।

সকালের সেশনে সংলাপে অংশ নেবে জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), বাংলাদেশ মাইনরিটি জনতা পার্টি, ইনসানিয়াত বিপ্লব, গণসংহতি আন্দোলন এবং জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন (এনডিএম)। এসব দলকে সকালেই আমন্ত্রণ জানানো হয়েছে।

দুপুর ২টা থেকে শুরু হবে দ্বিতীয় দফার বৈঠক, যেখানে উপস্থিত থাকবে বিএনপি, বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি), গণঅধিকার পরিষদ, নাগরিক ঐক্য, বাংলাদেশ রিপাবলিকান পার্টি এবং বাংলাদেশের সমাজতান্ত্রিক দল।

ইসি সূত্র জানিয়েছে, গত দুই দিনে কমিশন ইতোমধ্যে ২৪টি রাজনৈতিক দলের সঙ্গে সংলাপ সম্পন্ন করেছে। পূর্ববর্তী বৈঠকগুলোতে দলগুলোর প্রতিনিধিরা সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজনের জন্য আচরণবিধি কঠোরভাবে প্রয়োগ এবং সব দলের জন্য সমান সুযোগ নিশ্চিতের ওপর জোর দেন।